

সম্ম্বাৰ পৰি রাজারহাটেৱে রাস্তা ডুবে যেত আঁধাৰে, শুৰু হল আলো বসানোৱ কাজ

খবৰ প্ৰকাশিত হতেই পথবাতি প্ৰকল্পে গুৰুত্ব পঞ্চায়েতেৱে

সংবাদদাতা, রাজারহাট: সম্ভাৰ নামলেই রাজারহাটেৱে সব রাস্তা ডুবে যেত অনুকৰো। চৰম দুৰ্ভোগে পড়তে হতো এলাকাবাসীকো। নাগৱিকদেৱ এই সমস্যাৰ খবৰ প্ৰকাশ্যে আসাৱ পৰি পথ আলো প্ৰকল্পেৱ উপৰ জোৱ দিল রাজারহাট পঞ্চায়েত। রাজারহাটেৱে জ্যাংড়া-হাতিয়াড়া (২) গ্রাম পঞ্চায়েত এখানকাৰ ঘুণি, যাত্ৰাগাছি, শুলংগড়ি, গৌৱাঙ্গনগৰ ইত্যাদি এলাকায় ১৫০ টি এলইডি লাইট বসানো হল। একইসঙ্গে রাজারহাট বিষ্ণুপুৰ এক নম্বৰ গ্রাম পঞ্চায়েতেৱে গুৰুত্বপূৰ্ণ মোড়গুলিতে বসছে সৌৱশক্তি চালিত মিনি হাই মাস্ট লাইট। ইতিমধ্যে ভাতেগু এলাকায় জুলে গিয়েছে সৌৱ আলো।

রাজারহাট ব্লক সুত্রে খবৰ, রাজারহাটেৱে পাঁচটি গ্রাম পঞ্চায়েত

এলাকায় আলো প্ৰকল্পেৱ কাজ শুৰু হয়েছে। জ্যাংড়া-হাতিয়াড়া গ্রাম পঞ্চায়েত এলাকাজুড়ে বসেছে পথবাতি। এই পঞ্চায়েতে মোট ৩০টি সংসদ। এৱ মধ্যে নিউটাউন শহৱেৱ মধ্যে পড়ছে আটটি। এখানে নাগৱিক পৰিষেবা দিয়ে থাকে নিউটাউন কলকাতা উন্নয়ন পৰ্বদ (এনকেডিএ)। জ্যাংড়া পঞ্চায়েত সুত্রে খবৰ, নিউটাউনেৱ মধ্যে থাকা এলাকাগুলি ছাড়া পঞ্চায়েতেৱে অধীনে থাকা ২২টি সংসদ এলাকায় জুলে গিয়েছে এলইডি লাইট। এ প্ৰসঙ্গে পঞ্চায়েত প্ৰধান রীতা গাইন বলেন, ‘পথবাতি বসাতে খৰচ কমবেশি আট লক্ষ ৪০ হাজাৰ টাকা খৰচ হয়েছে। মাসকয়েক আগে এই এলাকাৰ ঘন জনবসতিপূৰ্ণ এলাকা, বাজাৰ ও গুৰুত্বপূৰ্ণ মোড়গুলিতে বসানো হয়েছে সৌৱ মিনি হাইমাস্ট লাইট।’ - নিজস্ব চিৰ

